# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৩৫

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, ইমাম শু‘বা ইসমাঈল বিন উলাইয়্যাহ থেকে জাফরান সংক্রান্ত হাদীস ছাড়া আর কোন হাদীস শুনেন নাই

## ذكر الخبر المدحض قول من زعم أن شُعْبَةَ لَمْ يَسْمَعْ مِنْ إِسْمَاعِيلَ بْنِ عُلَيَّةَ إِلَّا خَبَرَ التَّزَعْفُرِ

---

আরবী

935 - أَخْبَرَنَا بَكْرُ بْنُ مُحَمَّدِ بْنِ عَبْدِ الْوَهَّابِ الْقَزَّازُ بِالْبَصْرَةِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ أَبِي يَعْقُوبَ الْكَرْمَانِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ أَبِي بُكَيْرٍ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ إِسْمَاعِيلَ بن عُلَيَّةَ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ صُهَيْبٍ قَالَ: قُلْتُ لِأَنَسِ بْنِ مَالِكٍ: أَخْبِرْنِي عَنْ دُعَاءٍ كَانَ يَدْعُو بِهِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (اللَّهُمَّ آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ)
فَلَقِيتُ إِسْمَاعِيلَ فَسَأَلْتُهُ فَقَالَ: أَكْثَرُ دَعْوَةٍ يَدْعُو بِهَا: (رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حسنة وقنا عذاب النار)
الراوي : أَنَس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 935 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

৯৩৫. আব্দুল আযীয বিন সুহাইব বলেন, আমি আনাস রাদ্বিয়াল্লাহু আনহুকে বললাম, “আপনি আমাকে এমন একটি দু‘আর কথা বলুন, যা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পাঠ করতেন।” জবাবে তিনি বলেন, দু‘আটি হলো, اللَّهُمَّ آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وقنا عذاب النار (হে আল্লাহ, আপনি আমাকে দুনিয়াতে কল্যাণ দান করুন, আখিরাতেও কল্যাণ দান করুন। আর আমাদেরকে আগুনের আযাব থেকে রক্ষা করুন।)

রাবী বলেন, “অতঃপর আমি ইসমাঈল এর সাথে সাক্ষাৎ করে তাকে এই ব্যাপারে জিজ্ঞেস করলে তিনি বলেন,

“রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অধিকাংশ সময় বলতেন, اللَّهُمَّ آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وقنا عذاب النار (হে আল্লাহ, আপনি আমাকে দুনিয়াতে কল্যাণ দান করুন, আখিরাতেও কল্যাণ দান করুন। আর আমাদেরকে আগুনের আযাব থেকে রক্ষা করুন।)[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৬৯০; আবূ দাঊদ: ১৫১৯; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ১০৫৬।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসারুল আদাবুল মুফরাদ: ৫২৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আব্দুল আযীয ইবন সুহায়ব (রহঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89440

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন